তারিখ ... 30 JUL 1997 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ......

দৈনিক সংবাদ

৭

# উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সাড়ে তিন কোটি টাকার চুক্তি সই

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) সোমবার সাড়ে তিন কোটি টাকার এক কনসালট্যান্সি প্যাকেজ চুক্তিতে সই করেছে। ৩৪-মাসব্যাপী এই কনসালট্যান্সি প্যাকেজ এশীয় উন্নয়ন ব্যাংকের আর্থিক সহায়তায় বাস্তবায়িত হবে।

বাউবি'র পক্ষে উপাচার্য প্রফেসর এম আমিনুল ইসলাম এবং যুক্তরাজ্যের কনসালট্যান্সি ফার্ম কেমব্রিজ এডুকেশন কনসালট্যান্টস লিঃ-এর পক্ষে আবাসিক প্রতিনিধি মার্টিন পিটার গিলহাম চুক্তিতে সই করেন।

চুক্তি অনুযায়ী বিভিন্ন স্কুলের একাডেমিক প্রোগ্রাম ছাড়াও মিডিয়া প্রোডাকশন, প্রিন্টিং, ইনফরমেশন টেকনোলজি, স্টুডেন্ট সাপোর্ট সার্ভিস, পরীক্ষা পদ্ধতি এবং অডিট ম্যানেজমেন্টের উপর কনসালট্যান্সি সার্ভিস প্রদান করা হবে। খবরসংবাদবিজ্ঞপ্তির।